

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
অপারেশন-১ শাখা  
[www.emrd.gov.bd](http://www.emrd.gov.bd)

**বিষয়:** মাসিক ভিত্তিতে পরিশোধিত তেল আমদানির কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য গঠিত মনিটরিং কমিটির আগস্ট, ২০২২ মাসের প্রতিবেদন।

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)'র বিভিন্ন কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন মনিটরিং এর লক্ষ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে ২৫ জুলাই ২০২২ তারিখে মাস ভিত্তিক পরিশোধিত তেল আমদানির কার্যক্রম মনিটরিং এর জন্য একটি কমিটি গঠন করা হয়। কমিটির কার্যপরিধি অনুযায়ী প্রতি মাসে অন্তত একটিসহ ২০২২-২০২৩ অর্থবছরে ১২টি মনিটরিং প্রতিবেদন দাখিল করবে এবং বর্ণিত কার্যক্রমের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সুপারিশ প্রদান করবে। উক্ত মনিটরিং কমিটির সদস্য সচিব জনাব এস, এম, জুবায়ের হাসান, ব্যবস্থাপক (প্রশাসন), বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (BPC) পরিশোধিত তেলের মাদার ভেসেল ও পদ্মা অয়েল কোম্পানি লিমিটেড (POCL)'র Main Installation (MI) পরিদর্শন করেন।

২। ২০২২-২৩ অর্থবছরে APA'তে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের স্বাক্ষরিত চুক্তির অন্যতম কৌশলগত উদ্দেশ্য 'মাসিক ভিত্তিতে পরিশোধিত তেল আমদানি' কার্যক্রমের আওতায় ৪০ (চল্লিশ) লক্ষ মে. টন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

**বাস্তবায়ন অগ্রগতি:**

**২.১) পরিশোধিত তেল আমদানি কার্যক্রম:**

২০২২-২৩ অর্থবছরে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে ৪০ লক্ষ মে.টন পরিশোধিত তেল আমদানির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। দেশের জ্বালানি তেলের চাহিদা পূরণের লক্ষ্যে আগস্ট, ২০২২ মাসে জাহাজযোগে ১৬ টি পার্সেলের মাধ্যমে এবং রেল ওয়াগনের মাধ্যমে ৩ (তিন) টি পার্সেলে জ্বালানি তেল আমদানির পরিকল্পনা গ্রহণ করা হয়। উক্ত পরিকল্পনার পরিপ্রেক্ষিতে আমদানিকৃত জ্বালানি তেলের সারসংক্ষেপ নিম্নরূপ:

পরিমাণ: মে. টন


পণ্য	আমদানি পরিকল্পনা (+/-১০%)	আমদানিকৃত জ্বালানি তেলের পরিমাণ	মন্তব্য
ডিজেল (NRL সহ)	৩,৮৬,৬০০	৩,২৪,১৮৪	১। আমদানিসূচি অনুযায়ী মোট ১৬টি পার্সেলের মধ্যে বিভিন্ন সরবরাহকারী প্রতিষ্ঠান হতে ১৩ টি পার্সেলে ৪,২৬,৭২৬ মে. টন পরিশোধিত জ্বালানি তেল আমদানি করা হয়েছে। অবশিষ্ট ০৩ টি পার্সেল চট্টগ্রাম বন্দরে পৌছাতে কিছুটা বিলম্ব হবে মর্মে সরবরাহকারী প্রতিষ্ঠান হতে জানানো হয়েছে।
জেটএ-১	৫০,০০০	৫১,৪১৯	২। এছাড়া, নুমালীগড় রিফাইনারি লিমিটেড (NRL), ভারত হতে আগস্ট, ২০২২ মাসে রেল ওয়াগনের মাধ্যমে ০১ (এক)টি ট্রিপে প্রায় ২,২৫০ মে. টন ডিজেল গ্রহণ করা হয়েছে।
অকটেন	৫০,০০০	৫৩,৩৭৩	
মোট	৪,৮৬,৬০০	৪,২৮,৯৭৬	

**২.২) পরিদর্শন কার্যক্রম:**


পরিশোধিত তেল আমদানি কার্যক্রম সরেজমিন পরিদর্শনের লক্ষ্যে গত ২৭/০৮/২২ তারিখে মনিটরিং কমিটির সদস্য সচিব জনাব এস, এম, জুবায়ের হাসান, ব্যবস্থাপক (প্রশাসন), BPC পরিশোধিত তেলের মাদার ভেসেল ও পদ্মা অয়েল কোম্পানি লিমিটেড (POCL)'র Main Installation (MI) পরিদর্শন করেন। তিনি পরিশোধিত জ্বালানি তেলের ঘনত্ব পরিমাপ, POCL'র সেন্দ্রাল ল্যাবরেটরি এবং গেট ভাঙ্গ ইত্যাদি কার্যক্রম সরেজমিন পরিদর্শন করেন। উক্ত পরিদর্শনের অংশ হিসেবে POCL'র সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

চলমান পাতা-২

## ২.৩) স্থিরচিত্র:



চিত্র-১: পরিশোধিত তেল আমদানির কার্যক্রম মনিটরিং কমিটির সদস্য-সচিব কর্তৃক ঘনত্ব পরিমাপ ও POCL'র সেন্ট্রাল ল্যাবরেটরি পরিদর্শন।



চিত্র-২: পরিশোধিত তেল আমদানির কার্যক্রম মনিটরিং কমিটির সদস্য-সচিব কর্তৃক গেট ভাভ পরিদর্শন।

৩। ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী জুলাই-আগস্ট ২০২২ সময়ের পরিশোধিত তেল আমদানির লক্ষ্যমাত্রা ও অর্জনের বিবরণ নিম্নরূপ:

লক্ষ মে. টন

কার্যক্রম	লক্ষ্যমাত্রা	অর্জন		
		জুলাই	আগস্ট	সর্বমোট
১.১) পরিশোধিত তেল আমদানি	৪০.০০	৪.৭১	৪.২৯	০৯

উল্লেখ্য, ২০২২-২৩ অর্থবছরে আগস্ট ২০২২ মাসে ৩.৩৩ মে. টন পরিশোধিত তেল আমদানির লক্ষ্যমাত্রা ছিল। উল্লিখিত মাসে ৪.২৯ লক্ষ মে. টন পরিশোধিত তেল আমদানির করা হয়, যা নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অর্জন ১২৮.৮৩%।

## ৪। কমিটির মন্তব্য/সুপারিশ:

ক্রম.	মন্তব্য/সুপারিশ	বাস্তবায়নে
৪.১	২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী জ্বালানি তেল আমদানির মাসভিত্তিক/বার্ষিক লক্ষ্যমাত্রা অর্জন অব্যাহত রাখা প্রয়োজন।	বিপিসি
৪.২	আসন্ন সেচ মৌসুমে অতিরিক্ত জ্বালানি তেলের চাহিদা পূরণের জন্য আমদানি পরিকল্পনা গ্রহণ করা প্রয়োজন।	বিপিসি
৪.৩	মজুদ সক্ষমতা ও আমদানি পরিকল্পনা অনুযায়ী প্রয়োজনীয় পরিমাণ জ্বালানি তেল মজুদ নিশ্চিত করা প্রয়োজন।	বিপিসি

08/02/2022

জনাব এস, এম, জুবায়ের হাসান  
ম্যানেজার (প্রশাসন)  
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন  
ও

সদস্য সচিব  
মাসিক ভিত্তিতে পরিশোধিত তেল  
আমদানি কাজ মনিটরিং কমিটি

08/02/2022

শেখ মোহাম্মদ বেলায়েত হোসেন  
উপসচিব (অপারেশন-১ শাখা)  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
ও

সদস্য  
মাসিক ভিত্তিতে পরিশোধিত তেল  
আমদানি কাজ মনিটরিং কমিটি

08/02/22

মোস্তা মিজানুন্নেছ রহমান  
উপসচিব (প্রশাসন-৩)  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
ও

সদস্য  
মাসিক ভিত্তিতে পরিশোধিত তেল  
আমদানি কাজ মনিটরিং কমিটি

08/02/2022

ড. মোঃ রফিকুল ইসলাম  
যুগ্মসচিব (পরিকল্পনা)  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
ও

আহবায়ক  
মাসিক ভিত্তিতে পরিশোধিত তেল  
আমদানি কাজ মনিটরিং কমিটি

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন  
বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম

তারিখঃ ০১/০৯/২০২২ খ্রি।

আগস্ট, ২০২২ মাসে বিপিসি কর্তৃক আমদানি পরিকল্পনা ও আমদানিকৃত জ্বালানি তেলের সারসংক্ষেপ

- ❖ দেশের জ্বালানি তেলের চাহিদা পূরণের লক্ষ্যে আগস্ট, ২০২২ মাসে জাহাজযোগে ১৬ টি পার্সেলের মাধ্যমে এবং রেল ওয়াগনের মাধ্যমে ০৩ (তিন)টি পার্সেলে জ্বালানি তেল আমদানির পরিকল্পনা গ্রহণ করা হয়। উক্ত পরিকল্পনার প্রেক্ষিতে আমদানিকৃত সারসংক্ষেপ নিম্নরূপঃ

পরিমাণঃ মেট্রিক টন

পণ্য	আমদানি পরিকল্পনা (+/-১০%)	আমদানিকৃত পরিমাণ	মন্তব্য
ডিজেল (এনআরএল সহ)	৩৮৬৬০০	৩২৪১৮৪	১। আমদানিসূচী অনুযায়ী মোট ১৬টি পার্সেলের মধ্যে বিভিন্ন সরবরাহকারী প্রতিষ্ঠান হতে ১৩ টি পার্সেলে ৪২৬,৭২৬ মে.টন পরিশোধিত জ্বালানি তেল আমদানি করা হয়েছে। অবশিষ্ট ০৩ টি পার্সেল চট্টগ্রাম বন্দরে পৌঁছাতে কিছুটা বিলম্ব হবে মর্মে সরবরাহকারী জানিয়েছে।
জেট এ-১	৫০০০০	৫১৪১৯	
ফার্নেস অয়েল	০	০	
অকটেন	৫০০০০	৫৩৩৭৩	২। এছাড়া, NRL হতে আগস্ট, ২০২২ মাসে রেল ওয়াগনের মাধ্যমে ০১ (এক)টি ট্রিপে প্রায় ২২৫০ মেঃ টন ডিজেল গ্রহণ করা হয়েছে।
মোট	৪৮৬৬০০	৪২৮৯৭৬	

=০=

ইঞ্জিঃ আমেনা ফেরদৌসী  
ব্যবস্থাপক (বাঃ ও অপাঃ)  
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন  
চট্টগ্রাম

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন  
বিএসসি ভবন, সস্টগোলা রোড, চট্টগ্রাম।

স্মারকঃ ২৮.০৩.০০০০.০৮২.০৪.০০৭.১৭. ৩


তারিখঃ ২৪/০৮/২০২২

অফিস আদেশ

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের লক্ষ্যে পরিশোধিত তেল মনিটরিং টিমের আগস্ট'২২ মাসের পরিদর্শন কার্যক্রম নিম্নোক্ত সূচি অনুযায়ী পরিদর্শন করে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

ক্রমিক	কর্মকর্তার নাম, পদবী ও দপ্তর	কোম্পানির নাম	সম্ভাব্য পরিদর্শনের তারিখ
১	এস, এম, জুবায়ের হাসান ব্যবস্থাপক (প্রশাসন) বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন।	পদ্মা অয়েল কোম্পানি লিমিটেড, উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম।	২৭ আগস্ট, ২০২২

সংযুক্তিঃ মনিটরিং টিমের অফিস আদেশ।

  
(মোঃ লাল হোসেন)

সচিব

ফোনঃ ০৩১-৭১৬৪১৩।

বিতরণঃ

- ১। সিনিয়র সচিবের একান্ত সচিব, জাখসবি।
- ২। ব্যবস্থাপনা পরিচালক, পদ্মা অয়েল কোম্পানি লিমিটেড।
- ৩। জনাব এস, এম, জুবায়ের হাসান, ব্যবস্থাপক (প্রশাসন), বিপিসি।
- ৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিপিসি।
- ৫। অফিস কপি।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
অপারেশন-১ শাখা  
www.emrd.gov.bd



স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০২৬.১৬.০০১.২২.৩৩৪

তারিখ: ৩১ আগস্ট ২০২২

বিষয়: সভার নোটিশ

২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে মাসভিত্তিক পরিশোধিত তেল আমদানি সংক্রান্ত মনিটরিং কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য গঠিত কমিটির আহ্বায়ক ও জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের যুগ্মসচিব (পরিকল্পনা) মহোদয়ের সভাপতিত্বে ভারুয়াল সভা আগামী ০১.০৯.২০২২ তারিখ বৃহস্পতিবার দুপুর ২.০০ টায় নিম্নবর্ণিত লিংকে অনুষ্ঠিত হবে:

Meeting ID: 242 963 7481

Pass code: 012022

২। কমিটির সকল সদস্যকে যথাসময়ে ভারুয়াল সভায় সংযুক্ত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩১-৮-২০২২

শেখ মোহাম্মদ বেলায়েত হোসেন

উপসচিব

ফোন: ৫৫১০০২৭১

ইমেইল: dsop1@emrd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) যুগ্মসচিব (পরিকল্পনা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) উপসচিব (প্রশাসন-৩ অধিশাখা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) ব্যবস্থাপক (প্রশাসন), বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (আগস্ট ২০২২ মাসের পরিশোধিত তেল আমদানির তথ্যাদিসহ সভায় সংযুক্ত থাকার ও পরিশোধিত জ্বালানি তেল আমদানি মনিটরিং কার্যক্রম পরিদর্শনের স্থিরচিত্র সভার পূর্বে ইমেইলে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০২৬.১৬.০০১.২২.৩৩৪/১(৫)

তারিখ: ৩১ আগস্ট ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) চেয়ারম্যান (সচিব), বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন।
- ২) অতিরিক্ত সচিব (অপারেশন), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) অতিরিক্ত সচিব (প্রশাসন), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) যুগ্মসচিব (অপারেশন), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫) প্রোগ্রামার (আইসিটি শাখা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (ওয়েবসাইটে প্রকাশ এবং ভার্সুয়াল সভা অয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)।



৩১-৮-২০২২

শেখ মোহাম্মদ বেলায়েত হোসেন

উপসচিব